



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com



স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ-এসএসসি/২০২০/৩৩৫৪(২৫০)

তারিখ : ২৯/০২/২০২০ খ্রি.

বিষয় : ২০২০ সালের এসএসসি পরীক্ষার স্বাক্ষরলিপি ও প্রশ্নপত্রের ট্রান্সসহ কেন্দ্রের উদ্বৃত্ত উপকরণ শিক্ষা বোর্ডে জমাদানের সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের এসএসসি পরীক্ষার স্বাক্ষরলিপি, ব্যবহারিক পরীক্ষার প্রস্তুতকৃত বিষয়ভিত্তিক নম্বরফর্দ ০১ (এক) সেট, শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা (১৪৭) ও ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক নম্বরের প্রতিষ্ঠান থেকে পাওয়া নম্বরফর্দের ০১ (এক) সেট, CA Mark (Continuous Assessment) এবং Practical Mark-এর Online-এ Entry কৃত হার্ড কপি ০১ (এক) সেট, বহিষ্কার তালিকা, অনুপস্থিত তালিকা ও ব্যবহারিক লিখিত উত্তরপত্র দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখায় সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত ডিলিংসদের নিকট এবং প্রশ্নপত্রের ট্রান্সসহ কেন্দ্রের অন্যান্য উদ্বৃত্ত উপকরণ শিক্ষা বোর্ডের ভান্ডার শাখায় নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

-ঃ পরীক্ষার শেষে জেলা ভিত্তিক উদ্বৃত্ত উপকরণ ও অন্যান্য মালামাল শিক্ষা বোর্ডে জমা গ্রহণের তারিখ নিম্নরূপ :-

ক্রঃ নং	জেলার নাম	কেন্দ্র সংখ্যা	জমাদানের তারিখ	সময়
০১.	রংপুর	৪৮ টি	১১/০৩/২০২০	অফিস চলাকালীন সময়
০২.	লালমনিরহাট	১৯ টি		
০৩.	গাইবান্ধা	৪০ টি	১২/০৩/২০২০	
০৪.	ঠাকুরগাঁও	২৪ টি		
০৫.	কুড়িগ্রাম	৩৪ টি	১৪/০৩/২০২০	
০৬.	নীলফামারী	২৫ টি		
০৭.	দিনাজপুর	৫৯ টি	১৫/০৩/২০২০	
০৮.	পঞ্চগড়	২২ টি		

কেন্দ্র সচিব

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২০।

প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ-এসএসসি/২০২০/৩৩৫৪(২৫০)

তারিখ : ২৯/০২/২০২০ খ্রি.

অনুলিপি : অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) বিতরণ-

- ০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৪। পোস্ট মাস্টার জেনারেল, রাজশাহী।
- ০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী।
- ০৬। রেলওয়ে সুপারিনটেনডেন্ট, পশ্চিমাঞ্চল, রাজশাহী। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৭। স্টেশন সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ রেলওয়ে, দিনাজপুর। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, প্রধান ডাকঘর, দিনাজপুর।
- ০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ১০। অফিস নথি।

প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)